

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.৪৬.০০২.০০২.১৯-৬৫৫

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৬  
১০ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক দায়েরকৃত স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ (মূল মামলা ৪৮/২০০৮ অন্য প্রকার হতে উদ্ধৃত) এর রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ মামলায় ১৩.১০.১৯ তারিখের আদেশ বাস্তবায়ন বিষয়ে নির্দেশনা প্রদান বিষয়ক অনুরোধপত্র।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৭৫

তারিখঃ ২৭.১০.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত আবেদনে জানানো হয় যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক দায়েরকৃত স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ (মূল মামলা ৪৮/২০০৮ অন্য প্রকার হতে উদ্ধৃত) এর রায় বাদীর প্রতিকূলে ঘোষিত হয়।

০২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুষ্ঠিত তদন্ত প্রতিবেদনে সুপার মাওলানা ওমর ফারুক আজম এর বিরুদ্ধে উত্থাপিত অীভযোগ প্রমাণিত হওয়ায় TMED এর ০২.০২.১৯ তারিখের ৪৪ সংখ্যক পত্রমূলে বর্ণিত সুপারের বেতন ভাতাদি (এমপিও) সেপ্টেম্বর/১৮ মাস হতে স্থগিত করা হয়।

০৩। বর্ণিত মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক স্বত্ব আপীল নং-১৬০/১৫ মামলায় ১৯.০৬.১৯ তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ দায়ের করা হয়। উক্ত মামলায় গত ১৩.১০.১৯ তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

Pending hearing of the Rule, parties are directed to maintain status-quo in respect of the petitioner continuing in the position of superintendent of the said Madrasha for a period of 2 (two) months from date.

০৪। মহামান্য হাইকোর্ট বিভাগের উপরোক্ত রায়ের আলোকে বর্ণিত সুপার মাওলানা ওমর ফারুক আজম এর স্থগিতকৃত বেতন ভাতাদি (এমপিও) পুনরায় চালু করা যাবে কিনা এ বিষয়ে টিএমইডির নির্দেশনা পাওয়া আবশ্যিক।

০৫। এ অবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক দায়েরকৃত স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ (মূল মামলা ৪৮/২০০৮ অন্য প্রকার হতে উদ্ধৃত) এর রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ মামলায় ১৩.১০.১৯ তারিখের আদেশ বাস্তবায়ন বিষয়ে নির্দেশনা জন্য টিএমইডিকে অনুরোধ করা হয়েছে।

০৬। উপরি-উক্ত বিষয়ে মহোদয়কে পরবর্তী নির্দেশনা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত তথ্য আবশ্যিক:

ক. চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম এর বেতন ভাতা (এমপিও) স্থগিতের আদেশের কপি;

খ. ৪৮/২০০৮ অন্য প্রকার মামলার আর্জির কপি ও রায়ের হাল তারিখের সার্টিফাইড কপি;


গ. স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ এর রায়ের হাল তারিখের সইমহরী নকল;

ঘ. সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ এর রায়ের হাল তারিখের সার্টিফাইড কপি;

ঙ. আবেদনকারীর (মাওলানা ওমর ফারুক আজম) বেতন ভাতা (এমপিও) চালু করার আইনগত সুযোগ আছে কিনা, থাকলে বিধান উল্লেখপূর্বক মহোদয়ের মতামত;

চ. সূত্রে উল্লিখিত পত্র কোন প্রস্তাব ছিল না বিধায় ভবিষ্যতে পত্র প্রেরণের ক্ষেত্রে সুনির্দিষ্ট মতামতসহ (সচিবালয় নির্দেশমালা অনুযায়ী) প্রস্তাব প্রেরণ।

০৭। এমতাবস্থায়, উপরিউক্ত (অনুচ্ছেদ ০৬ মতে) মতে চাহিত তথ্যাদি আগামী ২৮.১২.১৯ তারিখের মধ্যে জরুরীভাবে TMED তে (ইমেইল যোগে- [quddusmoe@gmail.com](mailto:quddusmoe@gmail.com)) প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

  
(এ. কে. এম শহীদুল্লাহ)  
উপসচিব (অডিট ও আইন)  
ফোন: ৯৫৭৪০৯০

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,

লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।